# ভোলায় প্রধান শিক্ষকের ওপর হামলা
# প্রতিবাদে শিক্ষার্থীদের ক্লাস বর্জন

■ ভোলা প্রতিনিধি

ভোলায় স্কুলের ম্যানেজিং কমিটি গঠনকে কেন্দ্র করে শহীদ সালাম মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সরল কুমার সরকারের উপর হামলা চালিয়েছে একদল বহিরাগত সন্ত্রাসী। গুরুতর আহতাবস্থায় প্রধান শিক্ষককে উদ্ধার করে ভোলা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। বর্তমানে ওই শিক্ষক হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আছেন। রবিবার সকালে স্কুল চলাকালীন প্রধান শিক্ষকের কার্যালয়ে এই হামলার ঘটনা ঘটে। হামলার প্রতিবাদ ও সন্ত্রাসীদের বিচার দাবিতে গতকাল সোমবার ওই স্কুলের শিক্ষার্থীরা ক্লাস বর্জন, মানববন্ধন, বিক্ষোভ মিছিল কর্মসূচি পালন করে। এ হামলার ঘটনায় ভোলা সদর মডেল থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

শিক্ষার্থীরা জানায়, গত রবিবার বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির মিটিং চলকালে স্থানীয় খোরশেদ আলম, তাজল ইসলাম, হাসান মাতাব্বর, আমির হাওলাদার, আলমগীর হাওলাদারসহ একটি সন্ত্রাসী বাহিনী স্কুলে প্রবেশ করে লাইব্রেরিতে ঢুকে পড়ে। প্রধান শিক্ষক কিছু জিজ্ঞাস করার আগেই তাদেরকে কেনো ম্যানেজিং কমিটিতে রাখা হলো না— এই বলে প্রধান শিক্ষকের ওপর অতর্কিত হামলা চালায়। এসময় তারা প্রধান শিক্ষককে ব্যাপক মারধর করে। স্কুলের শিক্ষার্থীরা বিষয়টি টের পেয়ে লাইব্রেরিতে আসলে তাদেরকে অস্ত্রের মুখে বাধা দেওয়া হয়। এসময় সন্ত্রাসী বাহিনী স্কুলের আসবাবপত্র ভাঙচুর করে চলে যায়। পরে প্রধান শিক্ষক সরল কুমার সরকারকে গুরুতর আহতাবস্থায় উদ্ধার করে ভোলা সদর হাসপাতালে ভর্তি করা হয়।

এই হামলার প্রতিবাদে সোমবার স্কুলের শিক্ষার্থীরা ক্লাস বর্জন করে রাস্তায় নেমে আসে। তারা প্রধান শিক্ষকের উপর হামলার প্রতিবাদে এবং এর সঙ্গে জড়িতদের বিচার দাবিতে মানববন্ধন, বিক্ষোভ মিছিল করে।

এ ব্যাপারে ভোলা থানার ওসি মীর খাইরুল কবির বলেন, প্রধান শিক্ষকের উপর হামলার ঘটনাটি আমরা শুনেছি। এ ব্যাপারে মামলা হয়েছে। আমরা দোষিদেরকে দ্রুত গ্রেফতার করার ব্যবস্থা নিচ্ছি।


ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ. ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর